

## 💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ মসজিদ থেকে বের হতে রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

মসজিদ থেকে বের হতে

بسم الله والصلاة والسلام على رسول الله اللهم أني أسألك من فضلك

উচ্চারণঃ- বিসমিল্লা-হ, অসস্থালা-তু অসসালা-মু আলা রাসুলিল্লাহ, আল্লা-হুম্মা ইন্নী আসআলুকা মিন ফায়লিক। অর্থঃ আল্লাহর নাম নিয়ে বের হচ্ছি, দর্মদ ও সালাম হোক আল্লাহর রসুলের উপর, হে আল্লাহ! নিশ্চয় আমি তোমার নিকট তোমার অনুগ্রহ প্রার্থনা করছি। (ইবনে সুন্নী ৮৮ নং মুঃ ১/৪৯৪)

২। বিসমিল্লাহ, সালাম ও দরূদের পর,

اللهم اعصمني من الشيطان الرجيم

উচ্চারণঃ- আল্লাহুম্মা'সিমনী মিনাশ শাইত্বা-নির রাজীম।

অর্থঃ হে আল্লাহ! আমাকে বিতাড়িত শয়তান থেকে রক্ষা কর। (সঃ জামে'৫২৮)

মসজিদে কাউকে হারানো জিনিস খুঁজতে দেখলে বলবে, আল্লাহ যেন তোমার জিনিস ফিরিয়ে না দেন। কাউকে কিছু বিক্রয় করতে দেখলে বলবে, আল্লাহ যেন তোমার ব্যাবসায় লাভ না দেন।" (মুঃ ৫৬৮, তিঃ ১৭৬ নং)

Source — https://www.hadithbd.com/books/link/?id=11697

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন